

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

০১। হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ কর্তৃক নিম্নবর্ণিত মটর সাইকেলসমূহ "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/এজেন্সীর নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	বিক্রয়তব্য যানবাহনের বিবরণ ও পরিমাণ	দরপত্র দলিলের মূল্য (অফেরতযোগ্য)	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
০১/২৬-২৭	১২৫ সিসি মোটরসাইকেল পরিমাণ - ২৩ টি (প্যাকেজ-০৩ টি)	৫০০.০০	দাখিলকৃত নিলাম মূল্যের ২৫%	০৮/০৯/২০২৬ খ্রিঃ তারিখ (মঙ্গলবার) হতে ২২/০৯/২০২৬ খ্রিঃ তারিখ (মঙ্গলবার) অফিস চলাকালীন সময় পর্যন্ত। হবিগঞ্জ পবিস সদর দপ্তর শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ/ পবিস মনিটরিং ও ব্যাপঃ(পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।	২৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখ (বুধবার) দুপুর ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত হবিগঞ্জ পবিস সদর দপ্তর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ/ পবিস মনিটরিং ও ব্যাপঃ(পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।	২৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখ (বুধবার) দুপুর ১২ঃ০৫ ঘটিকার সময় হবিগঞ্জ পবিস সদর দপ্তর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ/ পবিস মনিটরিং ও ব্যাপঃ(পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্নঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

০৩। আগ্রহী দরদাতাগণ হবিগঞ্জ পবিস এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে প্রতিটি নিলাম দরপত্র দলিলের জন্য উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে আবেদনের মাধ্যমে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ/পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাপঃ(পূর্বাঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে নিলাম দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। উল্লেখ্য যে, ডাক/কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৪। নিলাম দরপত্র উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী/সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে হবিগঞ্জ পবিস এর সদর দপ্তর শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ/পরিচালক পবিস মনিটরিং ও ব্যাপঃ(পূর্বাঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় টেন্ডার বক্সে পৌছাতে হবে এবং ঐদিনই অর্থাৎ ২৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১২ঃ০৫ ঘটিকার সময় উক্ত স্থান সমূহে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল বলে গণ্য হবে। প্রতিটি নিলাম দরপত্রের সাথে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে উপরে বর্ণিত অর্থের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে।

০৫। প্রতিটি প্যাকেজের জন্য পৃথক পৃথকভাবে দরদাতাকে দর দাখিল করতে হবে। প্যাকেজ অনুযায়ী পৃথকভাবে সর্বোচ্চ দরদাতাকে সফল দরদাতা বিবেচনা করা হবে।

০৬। দরদাতাকে মোট উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত "হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বিবেচনা করা হবে না। (সর্বনিম্ন প্রাক্কলিত দরের নীচে কোন দর গ্রহণযোগ্য হবে না)

০৭। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর অর্থাৎ কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ দিনের মধ্যে উদ্ধৃত মূল্যের উপর ১৫% মূল্য সংযোজন কর এবং ১০% উৎস কর সহ অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ব্যাংক ড্রাফট আকারে সমিতিতে পরিশোধ করে নির্ধারিত সময়ের মধ্যে নিজ ব্যয়ে যানবাহনসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত করা হবে।

০৮। নিলামযোগ্য যানবাহনসমূহ আগামী ২২/০৯/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।

০৯। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যেকোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

জেনারেল ম্যানেজার
হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

ফোনঃ অফিস - ০৮৩৩২ ৫৬৬৪২

ই-মেইল : habiganjpbs@gmail.com

ওয়েব : www.pbs.habiganj.gov.bd